



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে ২০৫২ শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফেলের জন্য চারজনকে স্বর্ণপদক দেওয়া হয়েছে। গত বৃহস্পতিবার মাদানি অ্যাডিনিউয়ে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সমাবর্তন বক্তা ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক গওহর রিজভী। আরও বক্তব্য দেন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজ, উপাচার্য চৌধুরী মোফিজুর, উপ-উপাচার্য হাসনান আহমেদ প্রমুখ।

